আইসিটি সেল
☑ প্রোগ্রামার
☐ সহকারী প্রোগ্রামার
☐ সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সিস্টেম এনালিস্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
পাট-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.motj.gov.bd

স্মারক নং: ২৪.০০.০০০০.১১৯.৯৯.০০৫.১৭. ০৫

তারিখ: ২৭ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ- "জাতীয় পাট দিবস-২০১৮" উদ্‌যাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতা আহবান প্রসঙ্গে।

দেশের অর্থনীতি ও পরিবেশ সংরক্ষণে সোনালি আঁশ নামে খ্যাত পাটের ভূমিকা অতীব গুরুত্বপূর্ণ। পাট খাতের সম্ভাবনা বিকশিত করার মাধ্যমে অর্থনীতিতে গতি সঞ্চারের জন্য পাট সংশ্লিষ্ট সকল উদ্যোগকে সমন্বিত করার উদ্দেশ্যে সংশ্লিষ্ট সকল স্টেক হোল্ডার, পাটচাষি, শ্রমিক এবং মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর ও সংস্থাসমূহের কার্যক্রমের মধ্যে সমন্বয় সাধনের লক্ষ্যে প্রতিবছর ৬ মার্চ-কে পাট দিবস ঘোষণা করা হয়েছে। পাট শিল্পের পুনরুজ্জীবন ও আধুনিকায়নের ধারা বেগবান করা, পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধি, পবিবেশ বান্ধব পাটজাত সামগ্রী ব্যবহার নিশ্চিত করা, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজারে চাহিদা বৃদ্ধির লক্ষ্যে ব্যাপক প্রচারণার জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক আগামী ০৬ মার্চ, ২০১৮ তারিখ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় পাট দিবস-২০১৮ উদ্‌যাপন এবং ৩ দিন ব্যাপী বহুমুখী পাটপণ্যের মেলাসহ নানা ধরণের অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে।

২। জাতীয় পাট দিবস-২০১৮ উদ্‌যাপন উপলক্ষে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের মধ্যে রচনা প্রতিযোগিতা আয়োজন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী কেন্দ্রীয় পর্যায়ে নির্বাচিতদের পুরস্কার ও সনদপত্র বিতরণ করবেন। রচনা প্রতিযোগিতায় নির্বাচনের সংক্ষিপ্ত রূপরেখা নিম্নে দেয়া হলোঃ

| | | |
|---|---|---|
| ১ | রচনা/প্রবন্ধের বিষয় | জাতীয় পাট দিবস-২০১৮ এর মূল প্রতিপাদ্য বিষয় ও প্রনিধানযোগ্য বিষয়ের উপর ভিত্তি করে দুটি গ্রুপের রচনার বিষয় নিম্নরূপঃ-<br>০১। জাতীয় অর্থনীতি ও পরিবেশ সংরক্ষণে "সোনালি আঁশ" পাটের ভূমিকা ('ক'-গ্রুপ);<br>০২। পাট শিল্পের পুনরুজ্জীবন, আধুনিকায়ন ও পাটের বহুমূখী ব্যবহার ('খ'-গ্রুপ); |
| ২ | রচনা/প্রবন্ধের গ্রুপ নির্ধারণ | গ্রুপ -'ক' অষ্টম থেকে দশম শ্রেণি /সমমান।<br>গ্রুপ -'খ' একাদশ থেকে দ্বাদশ শ্রেণি/সমমান । |
| ৩ | জেলা পর্যায়ে রচনা/প্রবন্ধ প্রতিযোগিতা বাস্তবায়ন | জেলায় প্রতি গ্রুপে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী এবং দুই গ্রুপে মোট ৬ জনকে পুরস্কৃতকরণ এবং সনদ প্রদান। জেলা প্রশাসক আগামী ৩১/০১/২০১৮ তারিখের মধ্যে নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করে প্রতি গ্রুপ হতে প্রথম স্থান অধিকারী দুইজনের জীবন বৃত্তান্তসহ লিখিত রচনা/প্রবন্ধ বিভাগীয় কমিশনার এর নিকট প্রেরণ করবেন। |
| ৪ | বিভাগ পর্যায়ে রচনা/প্রবন্ধ প্রতিযোগিতা বাস্তবায়ন | বিভাগীয় কমিশনারগণ সংশ্লিষ্ট বিভাগের আওতাধীন সকল জেলা হতে প্রাপ্ত 'ক' ও 'খ' গ্রুপের নির্বাচিত প্রথম স্থান অধিকারী ছাত্র/ছাত্রীদের মধ্য থেকে প্রাপ্ত রচনা/প্রবন্ধ যাচাই করে বিভাগের দুইজন (প্রতি গ্রুপ হতে একজন) নির্বাচন করে আগামী ১৫/০২/২০১৮ তারিখের মধ্যে রচনা/প্রবন্ধ বস্ত্র ও পাট মন্ত্রণালয় প্রেরণ করবেন। |
| ৫ | কেন্দ্রিয় পর্যায়ে পুরস্কৃতকরণ | সকল বিভাগ হতে প্রাপ্ত প্রতি গ্রুপের নির্বাচিত প্রথম স্থান অধিকারী মোট ০৮ (আট) জন, অর্থাৎ দুই গ্রুপের ১৬ (ষোল) জন ছাত্র/ছাত্রী কর্তৃক লিখিত রচনা/প্রবন্ধ যাচাই করে প্রতি গ্রুপ হতে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী অর্থাৎ দুই গ্রুপের মোট ০৬ (ছয়) জনকে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সম্মাননা সনদ প্রদানসহ পুরস্কৃত করা হবে। |
| ৬ | অন্যান্য নিয়মাবলী | (ক) "ক" গ্রুপে প্রতিযোগিদের ১৫০০ অক্ষর এবং "খ" গ্রুপ ২০০০ শব্দের মধ্যে বাংলা ভাষায় স্বহস্তে স্পষ্ট অক্ষরে (সাধু ও চলিত ভাষার মিশ্রণ দোষনীয়) A4 সাইজে সাদা কাগজে কালো কালির সাধারন বলপেন-এ রচনা লিখে জমা দিতে হবে। কাগজের উভয় পৃষ্ঠায় লেখা গ্রহনযোগ্য নয়।<br>(খ) ১ম, ২য় ও ৩য় স্থান নির্ধারণের মূল্যায়ন নম্বর হবে ১০০।<br>(গ) স্ব স্ব জেলা প্রশাসক এবং বিভাগীয় কমিশনারগণ প্রয়োজনবোধে রচনা/প্রবন্ধ প্রতিযোগীতার কর্মপন্থা নির্ধারণ করবেন।<br>(ঘ) জেলা প্রশাসকের কার্যালয়ের দায়িত্ববান কর্মকর্তা কর্তৃক প্রতিযোগিতায় বিজয়ী ছাত্র/ছাত্রীদের জন্য সনদপত্রসহ ০২ কপি পাসপোর্ট সাইজ ও দুই কপি ষ্ট্যাম্প সাইজের ছবি, তাদের জীবন বৃত্তান্ত এবং লিখিত রচনা/প্রবন্ধ সত্যায়িত করে প্রেরণ করবেন।<br>(ঙ) বিভাগ হতে প্রাপ্ত বিজয়ীদের তালিকার মধ্য থেকে জাতীয় পর্যায়ে বিজয়ী প্রতিযোগিদের নির্বাচন করার বিষয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |

চলমান পাতা-০২

| | | |
|---|---|---|
| ৭ | ব্যয়ভার | এ সংক্রান্ত ব্যয়ভার বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট খাত হতে বহন করা হবে। |
| ৮ | ফোকাল পয়েন্ট কর্মকর্তা | এ বিষয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সহকারী সচিব জনাব মোঃ হায়দার আলী মোল্লা (টেলিফোন নং-৯৫৪০৬৪৭, মোবাইল নং-০১৯১২০৪২৯৪৬, ই-মেইল নং- jute2. motj@gmail.com, Web-www.motj.gov.bd) -কে ফোকাল পয়েন্ট হিসেবে নির্ধারণ করা হয়েছে। |

(মোঃ হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব (পাট-২)
ও
সদস্য-সচিব, রচনা প্রতিযোগিতা উপ-কমিটি।

বিতরণঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

০১। অতিরিক্ত সচিব (বেওবি) ও আহবায়ক, অর্থ উপকমিটি, জাতীয় পাট দিবস-২০১৮, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার (সকল), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৩। জেলা প্রশাসক (সকল) ............................................................................

অনুলিপিঃ-

০১। অতিরিক্ত সচিব, (পবি) ও আহবায়ক, রচনা প্রতিযোগিতা উপকমিটি, জাতীয় পাট দিবস-২০১৮, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, বিজেএমসি/বিটিএমসি/বিজেসি/বাংলাদেশ তাঁত বোর্ড, ঢাকা।
০৩। মহাপরিচালক, পাট অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা
(সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট নির্দেশিকা প্রেরণের অনুরোধসহ)।
০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, (ওয়েব-সাইটে প্রকাশ এবং সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক এর নিকট ই-মেইল মারফত প্রেরণের অনুরোধসহ)।
০৮। অতিরিক্ত সচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।